

ক্রমঃ ৭৬ আল-বাত্বিন ট্রাট্রা

অর্থ

দৃষ্টি হতে অদৃশ্য, গোপন

English

□ Al-Batin

- The Hidden, the Interior, the Latent

ব্যাখ্যা

আল-বাতিন (গোপন) | Al-B□□in | The Hidden One, Knower of the Hidden

এ নামের পূর্ণাঙ্গ ও সুস্পষ্ট ব্যাখ্যা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম নিম্নোক্ত হাদীসে দিয়েছেন। তিনি সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«أَنْتَ الْأُوَّالُ فَلَيْسَ قَبْلَكَ شَيْءٌ، وَأَنْتَ الْآخِرُ فَلَيْسَ بَعْدَكَ شَيْءٌ، وَأَنْتَ الظَّاهِرُ فَلَيْسَ فَوْقَكَ شَيْءٌ، وَأَنْتَ الْبَاطِنُ فَلَيْسَ دُونَكَ شَيْءٌ».

"আপনিই প্রথম, আপনার আগে আর কিছু নেই; আপনিই শেষ, আপনার পরে আর কিছুই নেই। আপনিই প্রকাশ্য, আপনার চেয়ে প্রকাশ্য আর কিছুই নেই। আর আপনিই অপ্রকাশ্য, আপনার চাইতে গোপন আর কিছুই নেই।"[2] আল-বাতিন (অতি গোপন):

তিনি অপ্রকাশ্য, গোপন। এ নাম দ্বারা তাঁর গোপন রহস্য, অপ্রকাশ্য বিষয়াদি, লুকায়িত জিনিস ও সূক্ষ্ম বিষয়াদি প্রমাণ করে। এমনিভাবে এ নাম তাঁর পরিপূর্ণ নিকটবর্তীতাও বুঝা যায় এবং এটি আয-যাহির নামের বিপরীত নয়। কেননা আল্লাহ যাবতীয় গুণাবলীতে কারো সাদৃশ নয়। তিনি নিকটবর্তীতার হিসেবে আল-'আলী তথা উঁচু আবার উঁচু মর্যাদার হিসেবে তিনি আল-কারীব তথা অতি নিকটবর্তী।

﴿ هُوَ ٱلتَأْوَّلُ وَٱلتَأْخِرُ وَٱلظُّهِرُ وَٱلتَبَاطِنُ ۚ وَهُوَ بِكُلِّ شَي ٓ ءِ عَلِيمٌ ۗ [الحديد: ٣]

"তিনিই প্রথম ও শেষ এবং প্রকাশ্য ও গোপন।" [সূরা আল-হাদীদ, আয়াত: ৩]

[2] সহীহ মুসলিম, হাদীস নং ২৭১৩।



• Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=76

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন